শতবর্ষে জাতির পিতা সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো সমৃদ্ধি ও নৈতিকতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের দপ্তর
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
ইসলামবাগ, রংপুর।

নং- ৪৯.০১.৮৫০০.০০১.২৩.০০১.১৪ (অংশ-২), ২৮৬ তারিখ: ০৯-০৫-২০২২ খ্রি:

বিষয়ঃ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রদত্ত প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তির বিষয়টি প্রচারের লক্ষ্যে অবহিতকরণ প্রসঙ্গে।

সুত্র ঃ ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের পত্র নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৩.২১(১১)২২১, তারিখ: ২৭/০৪/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২১ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিষ্টার/বর্ষে) এবং ২০২০ সালে এইচ এসসি/সমমান ক্যাটাগরীতে বিশ্ব বিদ্যালয়/মেডিকেলে (১ম সেমিষ্টারে/বর্ষে)অধ্যায়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে ৩১ মে/২০২২ খ্রি: এর মধ্যে অনলাইনে দরখাস্ত আহবান করা হয়েছে।

এমতবস্থায় রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলার প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির জন্য আবেদন করার সুবিধার্থে আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ/প্রতিষ্ঠানে এ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি অবহিতকরণসহ প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো (কপি সংযুক্ত)।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

09.05.22

(আমেনা পারভীন)
সহকারি পরিচালক,
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রংপর
ফোন: ০৫২১-৬৫৪২৯
ই-মেইল : ad.demorangpur@gmail.com

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
রংপুর অঞ্চল, রংপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
০১। পরিচালক (আই আরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, রংপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী।
০৩। উপজেলা চেয়ারম্যান-----------------উপজেলা পরিষদ, রংপুর/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট।
০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা-------------উপজেলা, রংপুর/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট।
০৫। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট (জেলা ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)।
০৬। কল্যাণ শাখা, অত্র দপ্তর।
০৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।
www.dsherangpurzone.gov.bd

স্মারক নং: মাউশি/রং/সেসিপ/২০২২/ ১৮৭(১১) তারিখ: ১০/০৫/২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী রংপুর বিভাগ, রংপুর (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৫। সহকারি পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, রংপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী রংপুর বিভাগ, রংপুর (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী রংপুর বিভাগ, রংপুর (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮। জেলা শিক্ষা অফিসার, রংপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর (প্রাপকগণকে ই-মেইল প্রেরণের অনুরোধসহ)।
১১। অফিস নথি।

১০/০৫/2022

প্রফেসর এস এম আব্দুল মতিন লস্কর (৫৪২৯)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর
ফোন : ০৫২১-৫১৩২৬

শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
রংপুর।
প্রাপ্তি নং ৪৭৩
তারিখ ২৮/০৪/২২ খ্রিঃ
নথি নং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা- ১০০০।
www.wewb.gov.bd

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৩.২১(১১) ২২৭ তারিখ: ২৭ এপ্রিল ২০২২

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহবান এর বিজ্ঞাপন প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২১ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিষ্টার/বর্ষে) এবং ২০২০ সালে এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয়ে/মেডিকেলে (১ম সেমিস্টারে/বর্ষে) অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ছাত্রীকে শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহবান করা হয়েছে। ইতোমধ্যে বিজ্ঞাপনটি ২১ এপ্রিল ২০২২ তারিখের "দৈনিক প্রথম আলো এবং দৈনিক ইত্তেফাক" এবং ২৪ এপ্রিল ২০২২ তারিখে " দৈনিক যুগান্তর, দৈনিক আমাদের সময় ও বাংলাদেশ প্রতিদিন" পত্রিকায় প্রকাশ করা হয়েছে। তাছাড়া ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি ও আবেদন ফরম পাওয়া যাচ্ছে। অনলাইনে আবেদনের লিংক htt://stipen.wewb.gov.bd/stipend

২.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করার সুবিধার্থে জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) ফর্দ।

২৭.০৪.২০২২
(আরিফ আহমেদ খান)
উপসচিব
পরিচালক (আইআরপি)
ফোন: ০২-২২২২২২৬১৯
Email: d.irp@wewb.gov.bd

সহকারী পরিচালক
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
.........................।

অনুলিপি:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিবের সদয় অবগতির জন্য )
০২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালকের সদয় অবগতির জন্য )
০৩. অফিস কপি।

শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৩.২১(১১)- ২০৯ তারিখ: ১৮এপ্রিল ২০২২

### এসএসসি/সমমান- ২০২১ ও এইচএসসি/সমমান- ২০২০ ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি" এর দরখাস্ত আহবান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২১ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার/বর্ষে) এবং ২০২০ সালে এইচএসসি/সমমান ক্যাটাগরিরতে বিশ্ববিদ্যালয়/মেডিকেল (১ম সেমিস্টার/বর্ষে) এ অধ্যায়নরত মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-
(ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করেছেন;
(খ) মৃত প্রবাসী কর্মীর ক্ষেত্রে মৃতের পরিবার এ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন।

(২) নিম্নের ছকে বর্ণিত শর্তসাপেক্ষে জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

| ক্রম | ক্যাটাগরি | বিভাগ | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ | |
|---|---|---|---|---|
| | | | প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ০১ | এসএসসি/সমমান | বিজ্ঞান বিভাগ | ৫.০০ | ৪.০০ |
| | | মানবিক ও বানিজ্য বিভাগ | ৪.৭৫ | ৪.০০ |
| ০২ | এইচএসসি/সমমান | বিজ্ঞান বিভাগ | ৪.৮০ | ৪.০০ |
| | | মানবিক ও বানিজ্য বিভাগ | ৪.৫০ | ৪.০০ |

(৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে আনুষাঙ্গিক কাগজপত্রাদি, যেমন- পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স সম্বলিত পাসপোর্টের কপি/ স্মার্টকার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ মিশনের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ ;
খ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি;
গ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (কারিগরি শিক্ষার্থীর জন্য প্রযোজ্য);
ঘ) মৃত প্রবাসী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ) এর ফটোকপি।

(৪) বৃত্তির পরিমাণ:
ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যায়নরতদেব ০৪ (চার) বছর মাসিক ২,০০০/-(দুই হাজার) টাকা ও এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয় (১ম সেমিস্টার/বর্ষে) ৪ বছর ও মেডিকেলের জন্য ৫ বছর মাসিক ২,৫০০/- টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;
খ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষা উপকরণসহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ বাবদ যথাক্রমে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) ও ৪,০০০/- (চার হাজার) টাকা প্রদান করা হবে।

(৫) আবেদনের প্রক্রিয়া:
ক) সকল শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের লিংক: http://stipen.wewb.gov.bd/stipend
খ) শুধুমাত্র এসএসসি/সমমান ক্যাটাগরিতে ডিপ্লোমা (কারিগরি শিক্ষাবোর্ড) এর শিক্ষার্থী সরাসরি/ডাকযোগে আবেদন করবে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.wewb.gov.bd হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করে সরাসরি আবেদন করতে পারবে। আবেদনের সাথে ক্রমিক নং- ৩ এ উল্লিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে;
গ) অনলাইনে/সরাসরি আবেদনকারীর আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে দাখিল করতে হবে। সরাসরি/ডাকযোগে আবেদনের ক্ষেত্রে আবেদন পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;
ঘ) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার মোবাইল নম্বর অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

(৬) শুধুমাত্র এসএসসি/সমমান ক্যাটাগরিতে ডিপ্লোমা (কারিগরি বোর্ড) এর শিক্ষার্থী সরাসসি/ডাকযোগে আবেদন করবে। অন্যান্য ক্যাটাগরির শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করবে।

(৭) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৮) যে কোন তথ্যের জন্য ২৪/৭ "প্রবাসবন্ধু কলসেন্টার" এর নম্বরসমূহে: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০৮০০০১০২০৩০ (টোল ফ্রি), ০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১৮.০৪.২০২২
(আরিফ আহমেদ খান)
উপসচিব
পরিচালক (আইআরপি)